অনুবাদ কমিক্স ভান্ডার
বৈশাখ ১৪৩০
মে ২০২৩
শুভ নববর্ষ ১৪৩০
নববর্ষ ১৪৩০
R

অনুবাদ কমিক্স ভান্ডার সম্বন্ধে কিছু কথা

আবার ফিরে এলাম অনুবাদ কমিক্স এর ভান্ডার নিয়ে। গতবছর 'শারদীয়া ১৪২৯' সংস্করণের পরে অভূতপূর্ব সারা পেয়ে এবারে এক ডজন নতুন অনুবাদ কমিক্স এর সম্ভার নিয়ে হাজির হলাম এই 'নববর্ষ ১৪৩০' সংস্করণে।

কমিক্স পড়তে কে না ভালোবাসে, আর আপন ভাষা বাংলায় পড়তে পারলে তো সেই কমিক্স আরও মনের কাছে চলে আসে। যদিও বাংলা ছাড়াও অন্য ভাষা জানা থাকলে সেই ভাষাতেও কমিক্স রস আস্বাদন করা সম্ভব, এবং অনেকের মতে কোনো কমিক্স / সাহিত্য একমাত্র তার মূল ভাষাতে যদি পড়া যায় তাহলেই তার সঠিক নির্যাস নেওয়া সম্ভব।

কিন্তু অনেক্ষেত্রেই অনুবাদ যদি সঠিক হয় তাহলে আসল সাহিত্যের ভাবধারাকে পাঠকমনে প্রবাহিত করতে সক্ষম হয়ে থাকে। আবার অনুবাদ, তার মৌলিক গুনে পাঠকমনে, সেই ভিন্ন সংস্কৃতির সাহিত্যকে একান্ত আপন সংস্কৃতির আঙ্গিকে মেলে ধরতে পারে। জানিনা আমার এই প্রয়াস কতটা সেই দিকে সফল হবে। নিজে পাঠক হিসাবে আমার পড়ে বুঝতে পাড়ার মতন করে এই সংস্করণের অনুবাদের কাজগুলো করার চেষ্টা করেছি।

আগের সংস্করণেই বলেছিলাম, আবারো বলছি - এই অনুবাদ কমিক্স ভান্ডার সম্পূর্ণ অবাণিজ্যিক উদ্যোগ। দেশ বিদেশের বিভিন্ন ভাষার নামি-অনামী কমিক্সকে বাংলা ভাষায় উপস্থাপনা করার একটা প্রচেষ্টা, যাতে সকলে পড়ে আনন্দ পায়। এবারের নববর্ষের সংস্করণে থাকছে নানান স্বাদের এক ডজন কমিক্স যেগুলির অনুবাদ বা ভাষান্তর, এই অধমের করা। ভুল ত্রুটি হলে মার্জনা করবেন।

এছাড়া থাকছে অনন্যা মজুমদারের কলমে বর্ষ বরণ কবিতা। এবং থাকছে বিভিন্ন উৎসব / পার্বনের মজার কার্টুন অর্ণব ঘোষ দস্তিদারের স্কেচে।

ধন্যবাদান্তে,
কল্লোল দাশগুপ্ত
(অনুবাদক ও সম্পাদক)

যোগাযোগ : chirantanaeonic@gmail.com, aeonicchirantanmags2022@gmail.com

Follow Us on Facebook Pages: https://www.facebook.com/aeoniclib
https://www.facebook.com/chirantanbhandar/ (For Bengali comics)

Join our Facebook Group AEONIC COLLECTION:
https://www.facebook.com/groups/850740508851996

Join our Facebook Group, 'কমিক্স অ্যালবাম' (Comics Album) exclusively for comics:
https://www.facebook.com/groups/444248086990891

সূচিপত্র

বর্ষবরণ

✍️ **কবিতা : অনন্যা মজুমদার**

পেরিয়ে গেল আর একটি বসন্ত
গ্রীষ্মের দাবদাহের নেই কোনো অন্ত
তবু ও যেন নতুনত্বের আভাস
জানান দেয় আমের সুবাস
দোকানিরা দেয় চৈত্র SALE এর হাঁক
ডাক

এলো পয়লা বৈশাখ
অঙ্গে উঠল নতুন পোষাক
শুভ নব বর্ষ
হাল খাতা আর মিষ্টির প্যাকেট
হৃদয়ে আজ জাগিল হর্ষ
শুভ নববর্ষ ১৪৩০

কার্টুন - অর্ণব ঘোষ দস্তিদার

এসেছ হে বসন্ত, প্রেমে দুরন্ত কিছু লিখতে পারছেন, এসো হে বৈশাখ না লিখে
Arnab

Arnab

Arnab

Arnab

প্রস্তর যুগেও
চৈত্র সেল
ছিল
Arnab

5th May
World Cartoonist Day
Arnab

অর্ণব ঘোষ দস্তিদার - আইটি প্রফেশনাল ও শখের আর্টিস্ট, ফটোগ্রাফার, ভ্রমণ পিপাসু, খাদ্যরসিক

ছোট্টু আর্চি
স্রষ্টা- বব বলিং
ভোম্বল দঙ্গল
অনুবাদ- কল্লোল দাশগুপ্ত
এই নাও মুদিখানা মালের তালিকা আর এবারে ওই অতিরিক্ত ছাড়ের লোভে একগাদা জিনিস কিনে
হাজির কোরোনা!
চ ভোম্বল! একটু পেট পুজো হয়ে যাক!
এই ভোম্বলটি আবার কে? আর্চি সকাল থেকে এর কথা বলছে!?
বাচ্চারা আর তাদের উর্বর কল্পনাশক্তি! ওর মনে হয় কাল্পনিক কোনো ছোট্ট বন্ধু বানিয়ে তার সাথে খেলছে!
এই ধেড়ে বয়সে! একটু বাড়াবাড়ি হয়ে যাচ্ছেনা!
তাহলে ওর মনোযোগ একটু অন্যদিকে ঘোরাবার ব্যবস্থা করো! ওকে দোকানে সঙ্গে নিয়ে যাও!
(গাঁক) ওখানে গিয়ে আইসক্রিমের জন্যে দোকান মাথায় তুলবে!!
পরে
এই তোর এই ভোম্বলের গল্প বন্ধ করবি?
গিইইই! খাসা বাওয়া! ভোম্বলটাও আইসক্রিম চাখতে পারলে ভালো হতো!

ওইযে **মূষিকবাবু** যাচ্ছেন!
দেখো কেমন ফ্রেডকে অপ্রস্তুতে ফেলি!
এই অ্যান্ড্রুজ! এদিকে শুনে যাও!
আজকে দুপুরে কিন্ত **বড় ফুটবল ম্যাচ** আছে! পালস নরমাল এর সাথে কার্বন টেক এর খেলা! কি **দেখবে** তো?
হ্যাঁ দেখবো তো!
আমাদের সেই **চুক্তির** কথা মনে আছে তো ভায়া?
এবারে কিন্তু **তোমার বাড়িতে** একসাথে খেলা দেখার পালা!
হ্যাঁ!...মানে!... ঠিক আছে... তোমরা চলে এসো!
কিন্তু তোমার **গিন্নি** আবার যদি কিছু মনে করেন!
দেখো ম্যান্টেল! আমার বাড়িতে আমিই **কর্তা**, যা বলবো সেটাই **শেষ কথা**!
বটে!! তাহলে তো তোমার বাড়িতে যেতেই হচ্ছে!
আমার গৃহিনী আবার খবর দিলো যে, বৌদি নাকি **তোমার বাড়িতে** আজ দুপুরে, মহিলা মহলের **তাসের আসর** বসাচ্ছে!
আঁক!!
বুঝলে ভায়া কানের কাছে কিচির মিচির হলে ভালো করে খেলা উপভোগ করা যায়না!
বড়োরা মাঝে মধ্যে অদ্ভুত আচরণ করে, তাই না ভোম্বল?
গররর! এই ম্যান'টলা টা প্রত্যেকবারে আমায় **বেকায়দায়** ফেলে!
(ফিস ফিস) বুঝলি ভোম্বল! বাওয়া মারাত্মক রেগে গেলে লুচির মতন ফুলে যায়!

(গাঁক)
তেসো পার্টি একেবারে **টিভির সামনেই** বসেছে! এদের **ভাগাই** কিভাবে?
একবার ভোম্বলকে বলে...
এই যে ডেপো ছেলে, অনেক হয়েছে! আমি চাই তুমি এখন থেকে **ভোম্বল** না কে ওর ব্যাপারে **ভুলে যাবে**! একদম ওর **নাম মুখে আনবে না**!
উল্প... আ... আচ্ছা (ঢোঁক)!
এদের হাসি ঠাট্টা আর থামেনা! আর ওদিকে সব বুড়ো খোকারা দল বেঁধে খেলা দেখতে চলে আসবে! খুব পুরুষ-সিংহ সাজছিলাম, খুব বেইজ্জত হবো!
এই মহিলাদের কিভাবে চলে যেতে বলি? শুনবেই বা কেন? আমি **পুরুষমানুষ** না **ইঁদুর**?
আরে বাওয়া, তাজ্জব ব্যাপার! তুমি এমন কথা বলছো? ভোম্বল তো...
এই আর্চি! তোমায় এক্ষুনি তোমার **অদৃশ্য বন্ধু** ভোম্বলের ব্যাপারে কি বললাম?
কিন্ত বাওয়া ভোম্বল তো **অদৃশ্য নয়**!
আবার? এবারে **মার** খাবি কিন্ত...!
আমায় ছোঁবে না! ভোম্বল ভয় পেয়ে যেতে পারে!

তোমাকে এতবার বারণ করা সত্ত্বেও এই আষাঢ়ে বন্ধু নিয়ে মাতামাতি করছো! তোমার ব্যবস্থা করছি দাঁড়াও!
কি... কিন্তু!
ভোম্বল কোনো মিছিমিছি বন্ধু নয়! ....ও আমার পকেটেই রয়েছে আর ও হচ্ছে....
আমার পোষা সাদা ইঁদুর!
ইতিমধ্যে
ফ্রেণ অ্যান্ড্রুজ বৌয়ের মুখ-ঝামটা খেয়ে এসে মিনমিন করে গল্প দেবে কেন মহিলাদের তাসের আড্ডা কে নিজের ঘর থেকে সরাতে পারেনি!
হা হা! এর থেকে ওর কাছে সহজ ছিল ভাগানো কোনো...
হাতির দঙ্গলকে!!

ওরে আর্চি! এটাকে এক্ষুনি **দূর** কর!
শশশ! মা! **ভোম্বল ভয়** পাচ্ছে!
ওয়াআআ
এইযে ফ্রেড! তুমি এই **আপোদ**টার বিষয়ে জানতে তাই না? যত **নষ্টের গোড়া তুমি**!
ভ্যাঁ ভ্যাঁ! ভোম্বল **আপদ নয়** আমার **বন্ধু**!
ছি ছি! জীবনে এতো বেইজ্জত হইনি! আমি আজই মায়ের বাড়ি চলে যাবো!
লাজবাব অ্যান্দ্রুজ! ভায়া তারিফ করতেই হচ্ছে! তুমি যেভাবে ওদের বিদেয় করলে!
সত্যি এই বাড়িতে **তোমার কথাই শেষ কথা**!
হুম? ...ও হ্যাঁ! ...এই আর কি!
তাহলে? আমাদের ফ্রেড অ্যান্দ্রুজ দেখিয়ে দিলো যে সে মূষিক নয়, সে পুরুষ সিংহ!
ফ্রেড অ্যান্দ্রুজ সিংহ কেন হবে? সেতো মানুষ আর আমার পকেটে একটা...

মুমমওউফফ!
ছোট্ট আর্চির বাড়ি! বেটি মাইরি বলছি, আমি ওর **কান্নার** আওয়াজ শুনেছি!
বেচারা! আবার কি ঝামেলা পাকালো!
ওইযে আসছে!
এই যে পুচঁকে আর্চি! তুমি **মার** খেয়েছো? **খুব লেগেছে** নাকি?
আমি জানতাম আজকে ভালো কিছু ঘটবে!
হুম!
কি দুষ্টুমি করেছিলে?
ভোম্বল কে দেখে আমার মায়ের তাসের ক্লাবে হুটোপাটি লেগে যায়, সবাই পালায়, আর আমি সেই জন্যে ক্যাল খাই!
বাহ্! তা তোমার বাবা জানে?
হু!
তাহলে তোমার বাবাও **কিছু** দিয়েছে?
হ্যাঁ দিয়েছে তো!
এবং পুরোটা আমি সোডা কিনে ওড়াবো!
সমাপ্ত

'*টাইগার* পত্রিকা ১৭ই জানুয়ারী ১৯৫৯ সালের সংখ্যা থেকে - "*থ্রিলিং পিকচার স্টোরিস অফ স্পোর্টস*

অনুবাদ - কল্লোল দাশগুপ্ত

উইঙ্গার টম
ডেলিভারি বয়

টম একজন ডেলিভারি বয়, তার স্বপ্ন একজন ফুটবলার হওয়ার। টম যেই বিপননিতে কাজ করতো, সেখানকার সহকারী কর্মচারী এডি কেন্টন, সেও একজন উৎসাহী ফুটবলার। স্থানীয় চতুর্থ ডিভিশন ক্লাব 'বনফিল্ড অ্যালবিয়ন' এর অনুশীলনে যোগদানের জন্যে এডি দোকানের কাজ থেকে কিছু সময় অব্যহতি পেয়েছিলো। টমের দুর্ভাগ্য যে যখন এডি অনুশীলনে ব্যস্ত তখন সে দোকানের মাল ডেলিভারিতে ব্যস্ত! টম কি কোনোদিন তার স্বপ্নকে বাস্তবায়িত করতে পারবে?

আহত হওয়ার ভাণ করে কেন্টন খোঁড়াতে খোঁড়াতে মাঠ ছাড়লো
মার্পেল নিজেকে খুব চালাক মনে করে! ওকে থামানো দরকার! দোকানে ফোন করে জানিয়ে দি যে ও কাজের সময়ে এখানে ফুটবল খেলে সময় অপচয় করছে! চাকরিটা খাওয়াবে!

কিন্তু কেন্টনের হটাৎ টমের সাইকেল চোখে পড়লো
হুমম!! আরও ভালো একটা ফন্দি মাথায় এসেছে! ব্যাটা এই মাঠে ঢোকার এবারে খেসারত দেবে!

সাইকেল থেকে মাল সরিয়ে কেন্টন সন্তর্পনে ড্রেসিং রুমে প্রবেশ করলো
এই মালগুলোকে আমার লকার-রুমে লুকিয়ে রেখে দি! এবারে চ্যাংড়াটা ওর ডেলিভারির মাল খোয়ানোর ফলে আচ্ছা ফ্যাসাদে পড়বে!

একটু পরে, যখন প্রাকটিস শেষ হলো, টম তার সাইকেলের উদ্দেশ্যে ছুটলো
উফফ!! বেশ গা ঘামানো অনুশীলন হলো! কিন্ত অনেক দেরি হয়ে গেলো যে! এ...একী আমার মালপত্র কোথায়?

টম অনেক খোঁজাখুঁজি পরেও তার ডেলিভারির মাল খুঁজে না পেয়ে অবশেষে দোকানে ফেরত চললো
F. DAY
FAMILY GROCER
আমি যখন ফুটবল খেলছিলাম তখনই কেউ ওই জিনিসগুলো সরিয়েছে! মিস্টার শেলডন এই ব্যাপারটা জানতে পারলে প্রচন্ড রেগে যাবেন!

এবারে টমের অনুমান সঠিক
তুমি কাজে ফাঁকি দিয়ে ফুটবল খেলছিলে? খেলাধুলো শেষে ফিরে দেখলে সব মাল গায়েব? বাহঃ! তোমায় এক্ষুনি বরখাস্ত করলাম! আর এই সব মালের টাকা তোমার বেতন থেকে কাটা যাবে। কিন্তু যাওয়ার আগে একটা শেষ অর্ডার ডেলিভারি করে যাবে। দয়া করে এটা আবার খুইয়ে দিওনা!

বিমর্ষ হয়ে নানান দুশ্চিন্তা নিয়ে টম প্যাডেল করে তার শেষ ডেলিভারি করতে চললো.....
১৪ নাম্বার, পার্ক ক্রেসেন্ট - মনে হয় আবার ঝড় খাবো!...এই অর্ডারটা দিতে এতো দেরি করে ফেললাম....

কিন্তু টমকে বিস্মিত করে ১৪ নাম্বার এর দরজা খুলে দাঁড়ালো এক পরিচিত মুখ - অ্যালবিয়নের ম্যানেজার
এই যে ছেলে! তোমায় আবার দেখতে পেয়ে খুশি হলাম, তোমাকেই খুঁজছিলাম প্র্যাক্টিসের শেষে কোথায় তাড়াহুড়ো করে পালালে যে তোমায় বলার সুযোগই পেলাম না? যাক গে - আমি চাই তুমি অ্যালবিয়নের হয়ে খেলো!
আ আমি - অ্যালবিয়নের হয়ে খেলবো?

পরের শনিবারে আমাদের রিসার্ভ দলের হয়ে তুমি প্র্যাক্টিসে খেলবে। যদি আজকের মতন খেলতে পারো, তাহলে তোমার জন্যে আরও বড় খবর অপেক্ষা করে আছে! ভেতরে এস সই সাবুদ সেরে ফেলি!
ধন্যবাদ স্যার! আমি বিশ্বাসই করতে পারছিনা - অবশ্যই খেলবো স্যার!

শনিবার দিন টম অ্যালবিয়নের রিসার্ভ দলের আউটসাইড-রাইট* হিসাবে মাঠে নামলো
একটা ভালো সুযোগ পেয়েছি - এবারে এর সদ্ব্যবহার করতে নিজেকে উজাড় করে খেলতে হবে!

কেন্টন ছাড়া দলের বাকি সহ-খেলোয়াড়রা টমকে উষ্ণ-অভিনন্দন জানালো। এডি রাগে গজগজ করতে করতে সেন্টারের দিকে হেঁটে চললো। এর পর থেকে এডির মনোসংযোগ বিচ্ছিন্ন হতে থাকলো ও তার খেলার অবনতি ঘটতে থাকলো - অপরদিকে প্রতি মিনিটে টমের খেলার উন্নতি হতে লাগলো। দ্বিতীয়ার্ধে বিরোধী দলের ডিফেন্ডারদের ব্যস্ত রাখলো টম। তার দুটো নির্ভুল পাসে, অ্যালবিয়নের সেন্টার ফরওয়ার্ড দুটো গোল করলো। খেলা শেষ হবার ঠিক আগের মিনিটে টম সেন্টার হাফ থেকে একক প্রয়াসে বল নিয়ে ৪ জন প্লেয়ারকে কাটিয়ে এগিয়ে চললো -

সমাপ্ত

অনুপ্রবেশ নিষিদ্ধ

সৃষ্টি - ক্রেগ রাসেল এবং মাইক রিচার্ডসন
অনুবাদ - কল্লোল দাশগুপ্ত

বন্ধ তো!
ক্যাঁচ
কিচ্ছু দেখতে পাচ্ছিনা!
ভীতু কোথাকার! ভেতরে যা! তোকে টাকা দিলাম!
এইই!....মাইক! এটা কি করলি!
তোর টাকা, এবারে যা নিয়ে আয়!
আমিও
কিছুই দেখতে পাচ্ছিনা!
ছু ছু ছুঁচো কোথাকার! এবারে কে ভীতুর ডিম?
হাহ!

জেক অনেক হয়েছে! এবারে ফাজলামি বন্ধ কর! অনেক্ষন ধরে ভেতরে লুকিয়ে আছিস!
বেরিয়ে আয় শালা!
বেশ!
...তোর ইচ্ছে, ভেতরে পচে মর! আমার কি!
অভিশপ্ত অনুপ্রবেশ নিষিদ্ধ

...তুই ওকে একা ছেড়ে চলে এলি! ওর তো চোট-ফোট লেগেও থাকতে পারে!
আরে মা, তুমি জানোনা শালা হেব্বি ফাজিল...
একি ভাষা!
ওউ!
সরি জ্যানেট!
কোনো ব্যাপার নয়! ও ঠিকই বলেছে! জেক সব কিছুকেই মজার ছলে নেয়! বেয়াদপকে পেলে মজা দেখাবো, ওকে শাস্তি দেব!....
ইন্টারনেট পাবেনা...
...ছয় সপ্তাহের জন্যে...
...জেক তুমি কোথায়?
জেক!
তুই এতক্ষন কাউকে কিছু জানাস নি কেন? ও ওখানে আটক পড়ে থাকতে পারে, কিছু হয়ে থাকলে?
...তোর জন্যে!
আ...আমি কি করে বুঝবো? ও তো প্রায়ই এমন দুষ্টুমি করে! আমি ভেবেছি আমার যাবার পরে ও বাড়ি ফিরে গেছে!
জেক এক্ষুনি বেরিয়ে এসো, নইলে তোমার একদিন কি আমার একদিন!
...জেক!
ও এর ভেতরে ঢুকেছিলো?
হ্যাঁ

জেক
জেক, সাড়া দাও সোনা!
জ্যাকসন লি কারি, আমি আসছি ভেতরে, একবার তোমায় পেলে...
জ্যানেট দাঁড়াও! তোমার ভেতরে যাওয়া ঠিক হবেনা....
জেক
জেক
জ্যানেট!!
না! মা না!!
বিপ
বিপ বিপ বিপ বিপ !!

মিসেস লেমন্ড, আপনি নিশ্চিত?
হ্যাঁ আমি নিশ্চিত!
মাইক জেককে ভেতরে যেতে দেখেছে, বাইরে বেরোতে দেখেনি!
আর আমরা দুজনেই জ্যানেটকে ভেতরে ঢুকতে দেখেছি...
...কিন্তু এখনো বেরোয়নি!
SHERIFF
হমমম. ....
আচ্ছা তোমরা দুটিতে শহরের বাইরে এই নির্জন এলাকাতে কি করছিলে?
কিছুনা
"কিছুনা" ?
তোমরা কি ভেবেছিলে? এতো দূরে এসে অন্যের বাড়িতে ঢুকে পড়লে কেউ জানতে পারবে না?
তাহলে তুমি নিজের বন্ধুকে কেন একা ভেতরে যেতে দিলে?
মাইক উনি তোমায় কিছু জিজ্ঞেস করেছেন!
ওকে ১০০০ টাকা দিয়েছিলাম!
১০০০ টাকা!
ভেতরে ঢোকার জন্যে টাকা দিয়েছিলি!?
ওরকমই!...মানে ওর টাকাটা আমি ভেতরে ছুড়ে দিয়ে বলি নিয়ে আসতে!

আমরা শুধু ডেয়ার গেম খেলছিলাম
বাজি ধরেছিলাম
আমি দুঃখিত!
আমি ভেবেছিলাম ও ঠিক বেরিয়ে আসবে!
হুমমম
তোমার বন্ধু আবার আমাদের বোকা বানাচ্ছে না তো?
জেক হয়তো মজা করতে পারে কিন্তু জ্যানেট মনে হয়না এতটা বাড়াবাড়ি করবে!
মনে হয় এখানে কিছু একটা অস্বাভাবিক ব্যাপার আছে!
অনেক হয়েছে! আমি নিজে গিয়ে দেখি!
?!
এই!
হেই!
মিসেস লেমন্ড!
মা যেওনা!...
একটু দাঁড়ান!
...একটু
আমায় ব্যাপারটা দেখতে দিন!

হ্যালো!! কেউ আছে?
মিসেস কারি? জেক?
মা যেওনা! দাঁড়াও!
দেখ, তুই এগুলো শুরু করেছিস! তাই এখন না কেঁদে চুপচাপ এখানে অপেক্ষা কর যতক্ষণ না আমরা ফিরে আসি!
মা...
যেওনা
...প্লিজ!!

দরজা বন্ধ
ফাঁদে পড়েছে

ধরা পড়েছে
শেষ

জনি কোয়েস্টের অভিযান

টিম্বারল্যান্ডের ওয়্যারউলফ

টিম্বারল্যান্ডের ওয়্যারউলফ

জনি কোয়েস্টের অভিযান

সৃষ্টি - ডগ ওয়াইল্ডে
অনুবাদ - কল্লোল দাশগুপ্ত

১

ওয়্যারউলফ!! না না!!
এমিল!? ক...কি হলো?
ব্লাকি বাঁচাও!!...
আ আ আ ঘ ঘ
২

গুড়ুম
আমার হাত.... জানোয়ারটা আমার হাতে কামড়ে দিয়েছে!!
ভয়ে কাঁপাকাপি বন্ধ করো, আমি ওটাকে ভাগিয়ে দিয়েছি!
তাঁবুতে চলো আগে, তারপরে তোমার ক্ষত টা দেখছি!
ব্লাকি, আ...আমি এই অঞ্চলকে খুব ভয় পাই.... বিশেষ করে বনের এই অংশটি ওয়্যারউলফের রাজত্ব!
৩

পরদিন খুব ভোরে
পিয়ের?
ব্লাকি, তোমায় না এখানে আসতে বারণ করেছিলাম!
দরকারি কথা আছে!..
পিয়ের, গতকাল রাতে আমাদের তাঁবুতে লুপ-গারউ* হামলা করেছিল! এমিলকে ক্ষতবিক্ষত করেছে! ....ও প্রচন্ড ভয় পেয়ে গেছে!
কি যা তা বলছো?
লুপ-গারউ গতকাল রাতে বেরই হয়নি!
...তা তাহলে?...
ব্লাকি, একমাত্র তুমিই জানো লুপ-গারউ আর কেউ নয়, স্বয়ং আমি! করাতকলের আশেপাশের অঞ্চলে "ওয়্যারউলফ" বিচরণ করার গল্প শুনলে লোকে এখানে আসার সাহস দেখাবে না!
আমি গতকাল এই কেবিন ছেড়ে বের হইনি! তাছাড়া আমি নিজের লোককেই কেন খামোকা ভয় দেখাবো?
লুপ-গারউ - ফরাসি ভাষায় ওয়্যারউলফ
8

এমিলকে ভয়ানক কিছু একটা হামলা করেছিল!
কোনো জংলী কুকুর? .....ভাল্লুক হবে!
আমি অস্পষ্ট দেখেছি, একটা **বড় নেকড়ের** মতন মনে হলো!
এমিলের হাতে ব্যান্ডেজ করে দিয়েছি! কিন্তু ও মনে হয়না কদিন করাতকলের কাজ করতে পারবে!
তাহলে তোমায় আর বেঞ্জিকে একটু বেশি পরিশ্রম করতে হবে, যতদিন না ও সেরে ওঠে!
গত রাতের এই হামলাটা আমাদের '**ওয়্যারউলফ**' গুজবটা আরও **বিশ্বাসযোগ্য** করে তুলবে!
এমিলকে করাতকলের বাইরে পাহারায় লাগাও....
...এখন কাজে যাও, এখানে আর এসো না!
5

সেদিন দুপুরে
মনে হচ্ছে আমরা গভীর জঙ্গলে ১০০ মাইলের বেশি চলে এসেছি! আমরা এখানে কতদিন থাকছি?
জনি, যতদিন না এই অঞ্চল থেকে জীবাশ্ম-কাঠ এর নমুনা কিছু সংগ্রহ করছি!
দিনের আলো বাকি থাকতে তাঁবুগুলো খাটিয়ে নি! আগামীকাল খুব ভোরে রেস ও আমি নমুনা খুঁজতে বেরোবো!
পিয়ের হেনরি বলছি!.... পিয়ের শুনতে পাচ্ছো?... হেনরি বলছি!
দুটো লোক.... আর তাদের সাথে দুটো বাচ্চা ছেলে.... নদীর বাঁকের কাছে তাঁবু খাটাচ্ছে!
টিকটিকি?? হুমমম....
6

সেদিন সন্ধ্যায়
ভালোই রেঁধেছ রেস!
হাজি, তোমাদের ভালো লেগেছে? যাক!... আরে!... হ্যালো মনে হয় অতিথি এসেছেন!
জঙ্গলের এই অংশে অপরিচিতদের না আসাই ভালো!
বনের এই অংশটি অনুপ্রবেশকারীদের জন্য **বিপজ্জনক**! **ভয়ঙ্কর** অভিজ্ঞতার সম্মুখীন হতে হয়েছে অনেককেই! ...**এখনই এখান ছেড়ে চলে যান**!....
আপনারা কে আমি জানি না! আপনাদের জ্ঞাতার্থে জানাই যে আমরা এই দেশের সরকারের অনুরোধে এসেছি! **কাজ শেষ না হওয়া পর্যন্ত** আমাদের ফেরার অভিপ্রায় নেই!
ভদ্রমহোদয়গন, আপনাদের উপদেশের জন্যে অনেক ধন্যবাদ! এবারে আপনারা আসতে পারেন!
স্থানীয় মানুষ হয়ে এই এলাকার সম্বন্ধে **সাবধান** করা আমার কর্তব্য বলেই আপনাদের পরামর্শ দিতে এসেছিলাম! বেশ...আপনারা নিজেদের ভালো যখন বুঝতে চাইছেন না!
7

সেই রাতে
কিসের আওয়াজ?
রাত ২টোর সময়, কে গাছ কাটছে?
মনে হচ্ছে আরেকটা সতর্কবার্তা!
বাবা! একেবারে আমাদের তাঁবুগুলোর মাঝখানে!
এই তল্লাটে আমাদের উপস্থিতি ওদের পছন্দ নয়! কি লুকোতে চাইছে?
৪

পরদিন সকালে
তোমরা এই তাঁবুর কাছাকাছি থেকো
রেস আর আমি উত্তর দিকের শৈলশিরাতে কয়েকটা জীবাশ্ম বৃক্ষের সন্ধানে যাচ্ছি...
...আমাদের বেশি সময় লাগবে না!
আজ্ঞে বাবা!
সাবধানে যাবেন!
৭

এইই! ডাকু দাঁড়া... না যাবি না... ...ওটা একটা স্কঙ্ক*!
* স্কঙ্ক - উত্তর আমেরিকার ডোরাকাটা খট্টাশ বিশেষ প্রাণী যাদের গায়ে বিদঘুটে গন্ধ হয়
ডাকু দৌড়াবি না!
ফিরে আয় এখানে!
বেশ জোরে ছোটে...!
....ছোট মোটা চেহারা নিয়েও!
10

মিনিট কুড়ি পরে
কোনো চিহ্ন নেই হাজি!! কোথায় হারিয়ে গেলো?
আমরাও... মনে হয় হারিয়ে গেছি!!
ইইইই!!
ক...কে আপনি?... কোথা থেকে এলেন?
আমার নাম **শ্বেত পালক** ....
... আর এ আমার বনের সঙ্গী **ধূসর-নীরব-চরণ**!
ওয়াও!!
আপনার ধূসর সঙ্গী আপনার মতোই নিঃশব্দে চলাচল করে!

ওই পাথরগুলোর পরে নদী...
...নিম্নধারা বরাবর হেঁটে গেলে...
নদীর প্রশাখা,তার কাছেই তোমাদের ছাউনি!
স্রোতবরাবর যেখানে নদী ভাগ হচ্ছে, আচ্ছা!...
হাজি আর আমি ঠিক.... আরে কোথায় গেলো?
এর আগে কাউকে এমন **দ্রুত ও সন্তর্পনে** যাওয়া আসা করতে দেখিনি!
চলো হাজি যাওয়া যাক! হয়তো ডাকু ঠিক রাস্তা চিনে ফিরে গেছে!
12

এ ক টু প রে
ভাগ্যিস শ্বেত পালক এর দেখা পেলাম! সঠিক পথের হদিশ পেলাম!
নইলে পথ হারিয়ে এই জঙ্গলেই ঘুরে বেড়াতাম!
হ্যাঁ হারিয়ে গেছিলাম! হাজি..ওই দেখো...!
একটা লগি কারখানা! ...করাতকল দেখছি... আর লগি সরবরাহের নালা!...
13

হাজি, এই করাত-কলটা আমাদের ক্যাম্প থেকে একটু উপরে!
আগে ক্যাম্পে ফিরে দেখি রেস ও বাবা ফিরেছে কিনা...! পরে সবাই মিলে ওখানে যাওয়া যাবে!
জনি, সেই **লোকগুলোর** একজন না? যারা আমাদের এই জঙ্গল ছেড়ে চলে যাওয়ার **হুঁশিয়ারি** দিয়েছিলো?
হ্যাঁ! ওই **পশমের টুপি** পড়া! তাই তো মনে হচ্ছে!
ওই করাত-কলের গায়ে ছোট জানালা দেখছি...!
হুমমম! একবার চুপিচুপি **উঁকি** মারা দরকার!
এদিকে কোয়েস্ট ক্যাম্পে
ছেলেরা, **ডাকু** সব কোথায় গেলো...!?
বোধয় নদীর পাড়ে গেছে! ....গিয়ে ডেকে নিয়ে আসছি!
14

কি মনে হচ্ছে জনি?
বড় বড় লগির **ফাঁপা** অংশে ভারী **ইট** ভরছে!
ইট না জনি! **সোনার দন্ড!**
সোনা? ...হাজি ঠিক বলেছো....!
এরা **সোনা পাচারকারী!**
এরা এই বিশেষভাবে **চিহ্নিত** লগিগুলোকে বাকি লগিদের সাথে নদীতে ভাসিয়ে দিচ্ছে, যাতে সেগুলো সীমান্ত অতিক্রম করে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ করে!
বয়স অনুপাতে একটু বেশিই **পাকা** তোমরা! ....চুপচাপ আমার **চোখের সামনে** দিয়ে হেঁটে মিলের ভেতরে ঢোকো!
15

কি ওদেরকে **খুঁজে পেলে না**?
না ডাক্তার! তবে এখনই চিন্তার কিছু নেই! নিশ্চয়ই লাঞ্চের আগেই ওরা চলে আসবে!
এমিল, ওদের ওপরে কড়া নজর রাখো! আমি পিয়েরকে খবর দি!
বেঞ্জি, তোমার ওয়াকি-টকিটা দাও!
দিচ্ছি ব্লাকি!
শ্বেত পালক!

আপনাকে দেখতে পেয়ে যে কি আনন্দ হচ্ছে! আপনি আবার আমাদের সাহায্য করতে এলেন!
জানেন এই লগি ক্যাম্পের আড়ালে **সোনা চোরাচালান** হচ্ছে?
সোনা চোরাচালানের ব্যাপারে আমার কোনো আগ্রহ নেই...
...কিন্ত কিছু **লোভী মানুষ** আমার **জঙ্গলের ক্ষতি** করলে **তাদের** নিয়ে আমার সমস্যা!
আমাদের উদ্ধার করার জন্যে অনেক ধন্য...
...আরে! উনি কোথায় গেলেন?
ওই পশম টুপি পড়া লোকটা ফিরে আসছে! ...,**পালাও জনি!**
উহ-ওহ! **রাস্তা শেষ!**
বোধয় না....! ....এই আমাদের **ফেরি** আসছে!
17

গুড়ুম
গুড়ুম
গুড়ুম
18

থু থু
তুমি ঠিক আছো জনি?
হ্যাঁ...আপাতত! ...এই স্রোতকে তো সামলে নেবো ....কিন্তু এই অবস্থায় ক্যাম্পে গিয়ে বাবা আর রেস কে সামলাবো কিভাবে!?
পিয়ের, ওই দুই ছোড়া **পালিয়েছে!** ....এমিলকে ঘায়েল করে পালিয়েছে! ....এবারে কি করণীয়?
....ওখানেই থাকো! রাতে আমি তোমার সাথে যোগাযোগ করবো!
এবারে **লুপ-গারাউ** এর বেরোনোর সময় হয়েছে! ওদেরকে আতঙ্কিত করে এলাকা ছাড়তে বাধ্য করবো!
19

ওই সন্ধেবেলা
ছেলেরা, এই গরম ঝোলটা চুমুক দিতে থাকো!
ডক্টর কোয়েস্ট, আমরা এখন সুস্থ বোধ করছি! ঠান্ডায় আর কাঁপুনি দিচ্ছে না!
তোমাদের জামাকাপড় এতক্ষনে শুকিয়ে গেছে! তাঁবুতে গিয়ে পড়ে নাও!
রেস, ওই রেড ইন্ডিয়ান ও নেকড়ের ব্যাপারটা বিস্তারিতভাবে শুনবে না?
আর ওই সোনা পাচারকারীদের কথা?
তাঁবুর ভেতরে যাও...!
হাজি, মনে হয় এরা প্রচন্ড ক্ষেপে রয়েছে!
চুপচাপ তাঁবুতে ঢোকো ....আর ক্ষেপিও না!
20

ওরা ফিরে আসায়, আমি নিশ্চিন্ত হলাম!
আমিও ডাক্তার! তবে এই জঙ্গলে কিছু **গোলমাল** তো হচ্ছে!
ডাকু এখনো নিখোঁজ! আর আমার কেন যেন মনে হচ্ছে কেউ আমাদের ওপরে **নজর** রাখছে!
আমাদের ওপরে কেউ নজর রাখছে বৈকি! উপরে দেখো!
21

ঝোপঝাড়ের মধ্যে শব্দ পাচ্ছি ....কুকুরের গোঙানির আওয়াজ আসছে রেস.... ডাকু ফিরে এলো নাকি?

হাজি শুনলে? ডাকু ফিরে এসেছে!

...ওটা কুকুর নয়...!

....এত বড় নেকড়ে! ...কেউ কোনোদিন দেখেছে বলে মনে হয়না!

22

ঝোপের আড়ালে কিছু দেখতে পেয়ে ওদিকে ধেয়ে গেলো!
23

24

নেকড়েটাকে পাহাড়ের উপরে দেখতে পাচ্ছি!
না রেস থামো!
ওই বড় নেকড়েটা আমাদের **বন্ধু**!
সোনালী চুলওয়ালা ছেলেটা ঠিক বলছে!
কে? ...কোথা থেকে...! ...**কে আপনি?**
ইনি **শ্বেত পালক**! এনার ব্যাপারেই বলতে চাইছিলাম!
সোনা পাচারকারীদের হাত থেকে বাঁচতে উনি আমাদের সাহায্য করেছেন!
আচ্ছা, আচ্ছা....! ....একে একে বলো! আমি **পুরোটা** শুনতে চাই!
25

* মাউন্টিজ - কানাডার ঘোড়সওয়ার পুলিশ

বায়োনিক মানবী
লিঙ্গ : নারী
বয়স : ২৭
অতীত পেশা: টেনিস খেলোয়াড়
বর্তমান পেশা: স্কুল টিচার, ষষ্ঠ এবং সপ্তম শ্রেণী
বাসস্থান: ওজাই, ক্যালিফোর্নিয়া
অ্যাডভেঞ্চার প্রেমী জেইমি সোমার্স, কোনো ঝুঁকি নিতে ভয় পায়না... স্কাই ডাইভিং তার নবতম সংযোজন...
কিন্তু দুর্ভাগ্যক্রমে তার প্যারাসুট গোলমাল করায় গুরুতর আহত হয়, আরোগ্য লাভের সমস্ত স্বাভাবিক আশার বাইরে....
বৈজ্ঞানিক বুদ্ধিমত্তা দপ্তরের (ওএসআই) অধিকর্তা, অস্কার গোল্ডম্যান ও ডাঃ রুডি ওয়েলস এর প্রচেষ্টায় বায়োনিক সার্জিক্যাল ইমপ্ল্যান্টের মাধ্যমে তাকে পুনরুদ্ধার করে
সৃষ্টি হয় প্রথম বায়োনিক মানবী
বায়োনিক কান: দুই মাইল দূরের কথোপকথন শোনার ক্ষমতা আছে
বায়োনিক দান হাত: বজ্রমুষ্টি সহ এক টন পর্যন্ত ওজন অনায়াসে তুলতে সক্ষম
বায়োনিক পা: ৬০ মাইল প্রতি ঘন্টা গতিবেগে ছুটতে সক্ষম

বায়োনিক মানবী
অপহরণকারীদের খপ্পরে
O.S.I-তে অস্কার গোল্ডম্যানকে সাহায্য করার অবসরে জেইমি, ক্যালিফোর্নিয়ার ওজাইতে ভেনচুরা এয়ারফোর্স বেসের স্কুলে পড়ায়.... আর এক শুক্রবার রাতে...
বাই বাচ্চারা! সপ্তাহান্তের ছুটি ভালো করে কাটাও!
গুড নাইট মিস সোমার্স
দিন শেষ হলেও অ্যাকশন সবে শুরু
মিস সোমার্স নিজের জায়গায় চুপটি করে দাঁড়ান! কোনো বোকামি নয়, এগুলো কিন্তু লোড করা!
ওহ মা তাই নাকি? তা এখানে কি চুরি করতে এসেছো? পেন্সিল?
কিন্তু ওদের উত্তরের অপেক্ষা জেইমি করলো না
ওরে বাবাগো!!
কে সিকিউরিটি? দুটো দুষ্টু-স্কুলছুট, ক্লাসে ঢুকতে চাইছিলো! তাই একটু শাস্তি দিয়েছি! বাছাধনদের নিয়ে যাও!
আআঘঘ!
কাহিনী - অ্যাঙ্গাস পি অ্যালান
অনুবাদ - কল্লোল দাশগুপ্ত
চিত্র - জন বোল্টন এবং আর্থার র‍্যানসন

এই ঘটনার কথা শুনে অস্কার গোল্ডম্যানের আগমন
আমার অনুমান, তোমার সম্বন্ধে "অন্যরা" জানতে পেরেছে! ওদের হাতে তুমি পড়লে কি হবে আশা করি কল্পনা করতে পারছো?
হ্যাঁ, আমায় কাঁটাছেড়া করে দেখবে ভেতরে কি আছে!! ইশশ!!
একটু পরে
ক্যাপ্টেন ফ্রান্সিস, তোমায় সেফ হাউসে নিয়ে যাবে...যতদিন না ব্যাপারটা থিতু হচ্ছে ততদিন গা ঢাকা দেবে!
কিন্তু অস্কার আমি এখানেই...
অযথা তর্ক কোরো না!
কিন্তু পথে
ক্যাপ্টেন, আমরা ভুল রাস্তায় চলেছি না?...
....এই পথেই যাওয়ার নির্দেশ আছে!
বাহ তা বেশ ভালো কথা! মাথায় বন্দুক ঠেকিয়ে পাহাড়ে কয়েকটা দিন নিরিবিলিতে বসবাস!
আর আপনি পালাতে চাইলে আপনার খুলি ওড়ানো যাবেনা, এমন কেউ বারণ ও করেনি!!
অবশেষে
আমি চাইলেই এখান থেকে অনায়াসে পালাতে পারি, কিন্তু এদেরকে একটু খেলিয়ে যাবো!
এইদিকে মিস সোমার্স!
শেকল ও খুপরি কারাঘর!!
আমার মতন রুগ্ন, অবলা মেয়ের ক্ষমতা সম্বন্ধে, এদের কোনো ধারণাই নেই!!

একটু পরে....
ক্যাট
ক্যাট
ক্যাট
ক্যাট
ওহ! একটা হেলিকপ্টারের আওয়াজ পাচ্ছি! আমায় নিতে এসেছে, আর দেরি করা যাবেনা!
দুটো দ্রুত এবং দৃঢ় মোচড় তারপর...
ফিনফিনে গয়না পড়িয়েছে!
চিচিংফাঁক...
কিন্তু বাড়ির বাইরে তার জন্যে কি বিপদ অপেক্ষা করছে?
বাইরে...
দাঁড়ান! নইলে পরের গুলিটা কিন্তু আপনাকে মিস করবে না!
কিন্তু...
সে সুযোগ আর পাবেনা!
নিমেষে বায়োনিক মানবী এক লাফে উঁচু দেওয়াল টপকে গেলো! ওপারে মুক্তি?...

জলদি গাড়িতে ওঠো! ওর পিছু নাও!
অসম্ভব!! এত জোরে কেউ দৌড়াতে পারে না! ৬০ কিমি গতিতে ছুটছে!
তাহলে ৭০ কিলোমিটারে চালিয়ে ওকে ধরো!
গাড়ি থামাও!
কিন্তু বায়োনিক মানবীকে ওভারটেক করা, আর তাকে ধরা সম্পূর্ণ আলাদা জিনিস!
এ...এ সাধারণ মেয়ে নয়!
আর ভেবে লাভ নেই! হেলিকপ্টার অবতরণ করছে...এখান থেকে পালাবার এটাই আমাদের একমাত্র সুযোগ!

দস্যি মেয়েটা এদিকেই আসছে!! জলদি.... **টেক অফ! টেক অফ!**
উড়ে পালাবি? দাঁড়া মজা দেখাচ্ছি!
যদিও জেইমির অত শক্তি নেই যে কপ্টারটাকে ধরে রাখে....
....কিন্তু তার এইটুকুন ক্ষমতা আছে যে কপ্টারটির ভারসাম্য নষ্ট করতে পারে
নিয়ন্ত্রণ হারাচ্ছি!! মনে হয় নিচে....
ক্র্যাশ করবো...
ওফফ!! একদম ঠিক সময়ে সরে এসেছি!
একটু থিতু হওয়ার পরে
পাইলট তো অজ্ঞান! ভাগ্যক্রমে আমরা প্রাণে বেঁচেছি...
..এ.এ কি মানবী?
কে জানে? যতক্ষণ আমাদের আশেপাশে নেই আমরা নিরাপদ!
কিন্তু
অনেক ধকল গেছে এবারে **ঘুমিয়ে** পরো!
ঠ কা স
জেইমি!....তুমি **ঠিক আছো**?....মন দিয়ে শোনো ফ্রান্সিস একটা **ঠগ** এবং **ভয়ঙ্কর**!
আমি নিজেই সেটা আবিষ্কার করেছি, অস্কার! যত শীঘ্র সম্ভব আমায় এসে উদ্ধার করো!
আমি একা এতো উত্তেজনা সামলাতে পারবোনা!!
GIBSON

সমাপ্ত

স্পাইডারম্যান ও ফ্যান্টাস্টিক ফোর মুখোমুখি

অনুবাদ - কল্লোল দাশগুপ্ত

অনুপ্রবেশকারীর ছবি দেখা যাচ্ছে!! আরে এটা তো **স্পাইডার ম্যান**!
অন্যদের মতন ফোন করে এপয়েন্টমেন্ট নিয়ে আসতে এর কিসের সমস্যা?
ইঁচড়েপাকা ছোঁড়া!!
কেরদানি না দেখালে চলছে না, ঠিক আমাদের '**টর্চ**'লাইটের মতন!
বাহ!! আমায় অভ্যর্থনা জানাবার জন্যে জানালা খোলা রেখেছে! ভেতরে ঢোকার কাজটা মসৃন হয়ে গেলো!
প্রতিরক্ষা ব্যবস্থা '**খ**' সক্রিয় করো!!
শুভেচ্ছা সহকারে, স্পাইডার ম্যান হাজির!! তোমাদের আরও সতর্ক থাকা প্রয়োজন! এত **সহজে** কাউকে ঢোকার সুযোগ দেওয়া উচিত নয়!
এত **সহজ** নয় বাছাধন!!....এবারে **খবর** নিচ্ছি বাচাল ছোঁড়া!
এইই.... একটা **প্লেক্সি-কাচের খাঁচা** উপর থেকে নেমে আসছে!!
এসব ফাঁদ ছিঁচকে চোর বা হুব্বা মস্তানদের পাকড়াও করবে হয়তো, কিন্তু আমার কাছে এটা খেলনা!!
এই যন্ত্রটার পিছনে প্রচুর খরচ হয়েছে!! যদি এটা ভেঙেছো তো...
চিন্তা কোরোনা রবারব্যান্ড!! এই ফিচকেল কে এক্ষুনি **ভদ্রতা** শেখাচ্ছি!!
ওহ... **বনমানুষ-দাদা**! এত গুঁতোগুঁতি কেন করছেন?
দাদাভাই হয়তো ভুলে গেছেন, মাকড়সা তার আনুপাতিক দেহের **৮গুন** ওজনকে তুলতে পারে! আমার ক্ষমতা তার চাইতেও বেশি!!
উফফফ!! এই মাকড়সাটাকে যতটা নিরীহ ভেবেছিলাম ততটা নয়! **পালোয়ান পোকা**...
এই ছেলে দাঁড়াও!! আমরা কোনো অপরিচিতের সাথে লড়াই করতে চাই না!
লড়াই কে করছে? আমি তো শুধু আমার **দক্ষতা** প্রদর্শনী করছি!
ওর জালে আমার হাত জড়িয়ে গেলো! সত্যি ওর নামের প্রতি **সুবিচার** করেছে!

অদৃশ্য অবস্থায় আমাদের এই উদ্যমী তরুণ অতিথিকে এই দড়ির ফাঁসে কাবু করার চেষ্টা করি!!
মাকড়সা-ইন্দ্রিয় আমার পিছনে কোনো বিপদের ইঙ্গিত দিচ্ছে!! দ্রুত কেটে পড়তে হবে!
কে এই দড়িতে আমায় জড়ালো? কাউকে দেখতে পাচ্ছিনা!!
হুমম মনে হয় অদৃশ্য-কন্যা....
...তোমায় একটু ঘুরপাক খাওয়াই!
অনেক মজা করেছো লাল-পোকা!!...এবারে সব আনন্দ সুদে আসলে ফেরত দেব!
অগ্নিশিখা জ্বলো!
আমায় আগুনের ঘেরাটোপে ঘিরে ফেলেছে!
বোকা টর্চ এর আগুনঘেরের বাইরে লাফিয়ে লাফিয়ে যাবো...
..যতক্ষণ না বিভ্রান্ত ও ক্লান্ত হয়ে তেজ কমে শান্ত হয়ে যায়...
...তারপরে আমার পালা!!
এই...এক জায়গায় স্থির হয়ে দাঁড়াও!!
অনেক হয়েছে!! এবারে খেলা থামাও! কারুর আঘাত লেগে যেতে পারে!...হ্যাঁ এবারে বলো তো কি মতলব নিয়ে এখানে এসেছো?
সামনে থেকে সরে যাও!...আমায় আরেকটা সুযোগ দাও একে ঠান্ডা করে দিতাম!
যাক! এতক্ষনে কেউ তো আমায় জিজ্ঞেস করলো!
আমি এখানে এসেছি, ফ্যান্টাস্টিক ফোর দলের সদস্য হবো....সেই ইচ্ছে নিয়ে!...
...তাই মনে হলো আমার দক্ষতার কিছু নমুনা দেখাই!...
এবারে কাজের কথায় আসি!...তোমাদের দলে চাকরি করলে কেমন পারিশ্রমিক দাও? আমার ক্ষমতা দেখার পর আশা করি সর্বোচ্চ বেতন আমার প্রাপ্য!
আমি জানতাম! এটা একখানা আস্ত গবেট!!
স্পাইডার ম্যান তুমি ভুল করছো!
আমাদের এটা অলাভজনক প্রতিষ্ঠান!
আমরা কাউকে মাইনে দি না, কেউ বোনাস ও পায়না! যদি কিছু লাভ হয় তা বৈজ্ঞানিক গবেষণার কাজে বিনিয়োগ করি!
তুমি ভুল জায়গায় এসেছো বন্ধু! এটা কোনো কোম্পানি নয়!
আমাদের খরচ মেটানোর জন্যে যতটুকুন প্রয়োজন ততটাই রাখি! বাকিটা আমাদের নিজেদের উদ্যোগে তৈরী সবথেকে কার্যকর অপরাধ-দমনকারী যন্ত্রের বিকাশে খরচ করি!
তাছাড়া তুমি তো পুলিশের মোস্ট-ওয়ান্টেড লিস্টে 'অজ্ঞাত আইন-ভঙ্গকারী'!!
আমার আগেই বোঝা উচিত ছিল! তোমরা বাকিদের মতনই! কারুর খারাপ দিকটাই আগে দেখো!
ঠিক আছে, তোমাদের দলে এক আইন ভঙ্গকারীকে নিতে হবেনা!...তাছাড়া তোমাদেরকে প্রয়োজনও নেই আমার
দাঁড়াও! ফিরে এসো!..

সমাপ্ত

ডেডলি
ম্যাডলি
প্র্যাঙ্ক
কথা ও চিত্র - সুশান্ত পান্ডা
রং - বসন্ত পান্ডা
অনুবাদ - কল্লোল দাশগুপ্ত
হ্যাঁ বেবি আমি ঠিক সময় মতো পৌঁছে যাবো! তুমি নিজের খেয়াল রেখো আর দীপকের কাছ থেকে দূরে থেকো, ব্যাটা আজকাল খুব ছোঁক-ছোঁক করছে!
হা হা হা হা !!
ওহ... মাই গড!
কি ভয় পেয়ে গেলে?
ওফফ... হ্যাঁ!!
...আরে আমি শো এর পরিচালক! আমায় তো রেহাই দে!
বন্ধুরা, আজকে আমরা করতে চলেছি একটা রোমহর্ষক প্র্যাঙ্ক!
তাহলে বন্ধুরা প্রস্তুত? আমি রাজীব আর আমার সহকারী তাপস নিয়ে আসতে চলেছি আপনাদের প্রিয় 'ডেডলি ম্যাডলি প্র্যাঙ্ক' চ্যানেলে এক ভয়ানক ভীতিকর প্র্যাঙ্ক!
সতর্কীকরণ....
দুর্বল চিত্তের লোকেদের এই প্র্যাঙ্ক দেখা উচিত নয়!

আধ ঘন্টা পরে গোপন ক্যামেরায় শুটিং শুরু
"গুড! গুড! পসিশন! নতুন মুরগীরা আসছে, তৈরী হও অ্যাকশন!"
'ও পসিটিভ' রক্ত চাই!
MAD DEAD HAHA
একি!! এটা কি হচ্ছে?
ওমা!... এটা কি দেখছি!!
হা হা হা!!!!...
হা হা হা!...
ধড়াম
সমাজ সেবার জন্যে রক্তদান প্রয়োজন!
...! হা হা হা
"দুর্দান্ত শট! একঘর হয়েছে....!!"
"এবারে এই মুরগিগুলোকে দৌড় করাও!"
ওহ মাই.... গওড!!
হা হা হা!...
ওহ গড! বাঁচাও!!
"এক্সক্লুসিভ শট, দারুন হয়েছে রাজীব!"

"ব্যাস ব্যাস ফিরে আয়! ...অত দূর পর্যন্ত ধাওয়া করার দরকার নেই!"
আরে এই রাজীব এতো দূর পর্যন্ত কেন চলে গেলো? আমাদের তো এই করিডোর পর্যন্তই শুটিং করার ছিল!
আরো আধ ঘন্টার শুটিং বাকি! এরমধ্যেই কোনো নতুন মুরগি এসে পড়তে পারে!
বোধয় বেশি বার খেয়ে গেছে! ফোন করে ডেকে নাও!
বেকার সময় নষ্ট! এইসব বেশি মাত্রায় ট্যালেন্টেড মানুষদের নিয়ে এই সমস্যা!
ট্রিং ট্রিং...... ট্রিং ট্রিং......
কি ব্যাপার? রাজীবের ফোন পুতুলের কাছে কেন?

ওহ গড! মাই গড! এটা পুতুল নয়! আ...আসল লাশ!
এর হাতে...এই ঘড়িটা! এটা...এটা রাজীবের দেহ!
উফফফ! হায় ভগবান! তাহলে জোকারের পোশাকে কে?
আসল ক্লাউন কিলার!!
...যে তোমাদের মতন নকল নয়!
নো...নো প্লিজ!
MAD DEAD HAHA
হা হা হা !!!!...
হাহাহা! সিন্ কাট!
সমাপ্ত

জীবনের প্রতিটা বাঁকে নতুন কিছু অপেক্ষা করে থাকে, যা অনেক সময় হয়ে যায় অনভিপ্রেত ও অলৌকিক
পুজা
ওয়াও!! পাগলা ঘোড়ার মতন ছুটছে!!
"তিন বছর ধরে দাদুর গাড়িটাকে পালিশ করতে করতে বুড়োর একঘেয়ে যুদ্ধের গল্প শুনতে শুনতে হেজে গেছি!!"
"আজকে টিফানি আসছে, ওকে নিয়ে লং ড্রাইভে যাবো, ফুর্তি করবো!"
আরে! আমার ছোট্ট ডার্লিং...
....অমন করে তাকিয়োনা!

টিফ কখনোই তোমার থেকে বেশি সুন্দরী হবেনা!
ট্রিং পিং
ট্রিং পিং
Incoming call from... TIFFANY
শয়তানের নাম নিতেই...
Incoming call from... TIFFANY
....তোমাকেই তুলতে আসছি সোনা...
গাড়ি চালানোর সময় কোনোরূপ মনোসংযোগের বিচ্যুতি, ক্ষনিকের অসাবধানতায় ঘটে যেতে পারে বিপদ
টিফ বেবি! আমি তোমার কথাই ভাবছিলাম...!

ক্যাঁএএএএএচ
এইইইইই!!
ভ্রুউউউউম
ধ্রউম
ভ্রুউউউউম

কেইকি!
"হাওয়াইয়ান ভাষায় কেইকি মানে শিশু"
কেইকি?.. বৎস ওঠো!...
ক...কি হয়েছে?
আমি কি খরগোশটাকে চাপা দিলাম!
গা...গাড়িটা ঠিক আছে?
শশ!... শান্ত হও!
হায়!... হে ভগবান!
কেইকি, চিন্তা কোরো না! পুআ সব ঠিক করে দিতে পারে!
কে...কে কথা বলে?
এইতো আমি!

*"**মেনেহুন** হল হাওয়াইয়ান লোকগাথায় বামন পৌরাণিক জাতি যারা হাওয়াই দ্বীপপুঞ্জের গভীর বন এবং লুকানো উপত্যকায় বসবাস করে"*

ফড়উউউউশ
WOOOOSH
ফড়উউউউশ
রক্তের বন্ধন
বাঁধে যে স্পন্দন
ছিল যা তোমার
হলো এবার আমার!
হাস্যকর ছড়া! যাই হোক, এখন বেশ সুস্থ বোধ করছি!
কিন্তু একি!...
আমার পা নাড়াতে পারছিনা কেন?

HAWAI'I
579 11 14 16
HAWAI'I
এটা
কি
বানিয়ে
দিলে
তুমি
আমায়!!

চুপ করো!
তোমায় তো আমি বলেছিলাম সব ঠিক করে দেব!
কেইকি, তোমার দাদুকে বোলো, শোধবোধ হয়ে গেলো!
POLICE
কোনদিকে শহর খোঁজ করতে হবে!
৮০ বছর ধরে এই দিনটার অপেক্ষায় ছিলাম!
সমাপ্ত

জোরো
অতীতের কিংবদন্তি
RAFFIDE 2022
GUILHERME RAFFIDE

১৮৫১ - লন্ডন
অতীতের কিংবদন্তি
প্রফেসর ক্যাম্পবেল, এই অসাধারণ প্রদর্শনীতে আমায় আমন্ত্রণ জানানোর জন্যে, আমি আপনার কাছে কৃতজ্ঞ!
সেনর দিয়েগো, আপনার উপস্থিতিতে আমি ধন্য! সারা পৃথিবীর অসামান্য কিছু আবিষ্কারের সম্ভার এই মহান প্রদর্শনী, না এসে থাকতে পারা যায়না!
আশা করি আমার আবিষ্কারগুলোর জন্যে কিছু অর্থনৈতিক সাহায্য জোগাড় করতে পারবো, যাতে কোনোদিন এই সব অতুলনীয় আবিষ্কারের পাশে স্থান পায়!
সত্যি একেকটা যুগান্তকারী আবিষ্কার! কিন্তু এখানে প্রদর্শিত অনেক আবিষ্কারের প্রয়োগ হয়তো আমার জীবদ্দশায় দেখে যেতে পারবো না!
সেনর, নিজেকে অতটা বয়স্ক ভাববেন না! নতুন যুগের অনেক কিছুই দেখে যাবেন, বলে আমার ধারণা!
প্রফেসর, যৌবন হল মানসিক ব্যাপার! যদিও আমার শরীরে বার্ধক্য এসেছে, কিন্তু এখনকার মতন মানসিক দৃঢ়তা, উৎসাহ এর আগে কোনোদিন অনুভব করিনি!
উফ
রাস্তা ছাড় বুড়োহবড়া!
চোর!! ওর হাতে দরিয়া-ই-নূর! বিশ্বের বৃহত্তম এবং দুর্লভ হীরাগুলির মধ্যে একটি!
আমি ঠিক আছি! আপনি বরং তাড়াতাড়ি কতৃপক্ষকে গিয়ে খবর দিন!

এটা ভাঙিয়ে সারাজীবন লাটসাহেবের মতন থাকতে পারবো!
আপনার দিবাস্বপ্নে একটু বিঘ্ন ঘটাতে এলাম!!
জোরো!!
আটলান্টিক এর এপারেও আমার প্রশস্তি পৌঁছেছে শুনে প্রীত হলাম!
মনে হচ্ছে কিংবদন্তি চোট পেয়েছেন! ...তোমার মতন সং গল্পের পাতাতেই ভালো!...
উফফফ
....এবারে তোমার দুর্দশা ঘোচাচ্ছি!

হুহ!!
সপাং সপাং
মহাশয়, আপনার প্রতিপক্ষকে অবমূল্যায়ন না করাই বুদ্ধিমানের কাজ!
ঠকাস
বিশেষ করে এই হীরেটাও যখন আপনার নয়!
ঠিক বলেছো --

এই হীরেটা আমার!

যদি আপনি **দরিয়া-ই-নূর** পেতে চান তাহলে আমার সাথে বোঝাপড়া করতে হবে!
আমি আশা করেছিলাম তুমি এরকমই কিছু বলবে!
তাহলে আমার সৃষ্টির --
-- মহিমা অনুভব করো!
গদাম
ক্র্যাশশশশ
ঝনননন

তুমি একসময়ে হয়তো ভয়ঙ্কর যোদ্ধা ছিলে! কিন্তু এই নতুন ভোরে, তুমি **অতীতের কিংবদন্তি**!
এই অসাধারণ প্রযুক্তির মাধ্যমে মানুষ তারা দেখতে পায় --
কিন্তু আজ --
-- তুমি এর মাধ্যমে তোমার **শেষ** দেখতে পাবে!
ক্র্যাক
হুশশশশশ

সুইইইসসস
আমার দেহে অন্তিম শ্বাস থাকবে যতক্ষণ, আপনার দুর্বৃত্তায়ন সফল হবেনা ততক্ষন!
অনেক খেলা হয়েছে! তোমার অনিবার্য পরিণতি বিলম্বিত করছো মাত্র!
তুমি জাদুঘরে রাখার অতীতের স্মারক!
যেমন এই হীরেটি!!
কিন্তু আরও একটা মিল আছে আমাদের মধ্যে --

চাপ ছাড়া আমাদের প্রকৃত মহত্ত্ব প্রকাশ পায় না! *
আআআঘঘ
পাইপ জ্যাম হয়ে গেছে! এই গরম বাষ্প আমাকে জীবন্ত দগ্ধে মারবে!
* সঙ্কোচন / চাপন এর মাত্রার ওপরে হীরের গুণগত মান নির্ভর করে
বাঁচা ওওও!!
প্রফেসর ক্যাম্পবেল!
ঢাকনাটা খুলতে পারছিনা! তাপের ফলে ঢালাই করে বন্ধ করে দিয়েছে!!
ভগবান আমায় ক্ষমা করুন! আমি শুধু এই হীরেটা চেয়েছিলাম যাতে আমার গবেষণার পুঁজি জোগাড় হয়, যাতে পৃথিবী বদলাতে পারি --
ঘটাং ঘ্যাঁচচচ
অনেক দেরি করে ফেললাম!
পরিতাপের বিষয়, যে প্রফেসরের উন্নত পৃথিবীর অন্বেষণে, পথভ্রষ্ট হয়ে নিজের ধ্বংস নিজেই ডেকে আনলেন!
যাইহোক, প্রফেসর ক্যাম্পবেলকে শ্রদ্ধাজ্ঞাপন করা আমার কর্তব্য! হয়তো পুরানো দিনের সৌজন্যবোধ মনে হতে পারে, কিন্তু বিশ্বে যতই পরিবর্তন আসুক, আমি মানবতার প্রতি চিরকাল দায়বদ্ধ থাকবো!
লেখক- জর্ডান গের্শোভিৎজ
শিল্পী - জেরার্ডো গ্যাম্বোন
অনুবাদক - কল্লোল দাশগুপ্ত
সমাপ্ত

সৃষ্টি - অ্যাডাম হিউজ
ভাষান্তর - কল্লোল দাশগুপ্ত

*লিরে - প্রাচীন গ্রীসে ব্যবহৃত একধরনের তারের বাদ্যযন্ত্র

রোমানরা বিখ্যাত ছিল তাদের অপূর্ব ভাস্কর্যের জন্যে যাদের অন্যতম ছিল অ্যাম্ফিথিয়েটার বা মুক্ত-মঞ্চ
তাহলে আজকে রাতে মিলন-পালা!?
জমবে খেলা!!

রোমান গ্ল্যাডিয়েটররা তাদের সময়ের চিত্র-তারকাদের ন্যায় সমাদৃত হতো

কিন্তু রোমান পিতারা ছিল সেই পিটপিটে বাবাদের মতনই
...কিন্তু মহাশয়, আমি বীর রোমান যোদ্ধা!!
যুদ্ধ ছেড়ে এখানে!? তোমার এতো আস্পর্ধা!!

তাদের বিশ্বব্যাপী বিজয়ের জন্য রোমানরা সমিহিত হতো

কিন্তু বোঝা যাচ্ছিল না, কে কাকে জয় করছিলো!
3

ভাইকিং পুরুষদের বেশিরভাগ ব্যস্ত থাকতো সমুদ্রে, লুণ্ঠনে
ঘরে পড়ে থাকতো যে ভবঘুরে কবি, মহিলামহলে তার চাহিদা ছিল 'হেব্বি'
মধ্যযুগ আনলো অনেক হানাহানি....
.....সঙ্গে প্রেমের হাতছানি
মধ্যযুগ আদর্শ ছিল অন্ধ ভালোবাসার....
....যার পরিণতি অনেকক্ষেত্রেই হত ভয়ঙ্কর হতাশার
4

অন্ধকার যুগে, প্রতি বসন্তে উড়ে আসতো নতুন কেষ্ট...

...ব্যাগড়া দিতে থাকতো পিতৃদেব রুষ্ট

রেনেসাঁর যুগে ছাপাখানা আবিষ্কারের সাথে ভ্যালেন্টাইন কার্ডের প্রচলন শুরু হয়
আমার হও

কিন্তু মেয়েদের প্রত্যাশা ছিল আরও অনেক
নেই ফুল, নেই উপহার?...
...শুধু কার্ড? কৃপণ কোথাকার!

এলিজাবেথিয়ান যুগে অনেক রদবদল এলেও....

.....কিছু জিনিস কোনোদিন বদলায়নি
শেষ হইয়াও হইলো না শেষ......
5

জঙ্গলের জুডি
চিত্রনাট্য - রাল্ফ মেয়ো
অনুবাদ - কল্লোল দাশগুপ্ত
প্যান্থার কালার মসৃণ কালো শরীর ও জুডির সোনালি গায়ের রং মিশে গেছে রহস্যময় জঙ্গলের অবয়বে!
হাওয়ায় বিপদের গন্ধ! ....বন্দুক ও গরিলা ....হত্যা এবং বিশ্বাসঘাতকতা!
মার্কিন প্রকৃতিবিদের কন্যা এবারে মোকাবিলা করতে চলেছে এক 'মারাত্মক ত্রিভুজ'কে!
Ralph Mayo

কঙ্গোর গভীর জঙ্গলে, একটি শিকারী দল তাদের কাঙ্খিত শিকারকে হত্যার ষড়যন্ত্র চালাচ্ছে -
মেরেছি! মিসেস কেন্ট আমি আফ্রিকার শ্রেষ্ঠ শিকারী!
শাবাশ! এড এবারে আসল শিকারের পালা!
নিখুঁত সেটআপ! আমার স্বামী আগে আছে! গরিলাকে গুলি করার ভান করে ....আহ এড! ....দুর্ঘটনা ঘটতেই পারে!
মানে...ভাল হয়ত! কিন্তু তদন্ত হলে?
ও মরলে ওর টাকাকড়ি আমাদের মধ্যে ভাগ করে নেবো! তোমায় ২ মিলিয়ন দেব!
দুই মিলিয়ন? তাহলে হ্যাঁ...অবশ্যই দুর্ঘটনা ঘটবে!
ওই যে সামনে!
নোড়োনা! তোমায় আমার রাইফেলের নিশানায় ধরেছি!
বড় শিকারী এড জ্যাকসন, অর্থের লোভে মানুষ খুন করতে উদ্দত... জঙ্গলের জুডি খানিক দূরেই বিশ্রাম নিচ্ছিলো
গুলির শব্দ পেলাম মনে হলো! চল কালা দেখে আসি কি ব্যাপার?
ওই লোকটার দিকে বন্দুক কেন তাক করে?

বন্দুক ফেলো!
ক...কে?
পশু হত্যাকারী মানুষ হত্যাকারী থামো!
জিম! জিম! একটা জংলী মেয়ে এডকে মারছে!
মেয়েটাকে আটকাচ্ছি!
কিন্তু জিম কেন্ট জুডির দিকে রাইফেল তুলতেই
গররর
সামলে! একটি কালো প্যান্থার!
কালা! থাম!
বাঁচাও! প্যান্থার আমায় ছিঁড়ে খাবে!
ইতিমধ্যে এড তার লোকজন নিয়ে হাজির হলো
তাড়াতাড়ি ম'হালি*, বর্শা ছুঁড়ে মেয়েটাকে মারো!
জঙ্গলে পালা কালা! ওরা অনেকে আছে!

হটাৎ একটা বর্শা জুডির দিকে ধেয়ে আসে, টাল সামলাতে না পেরে খরস্রোতা নদীতে পড়ে যায় জুডি
বেলজিয়ামের অধীন কঙ্গোর রাজধানী লিওপোল্ডভিল থেকে তখন পিস্তল রবার্টস জঙ্গলের পথ ধরে ফিরছিল
এড জ্যাকসন, শিকারের গাইড এই জঙ্গলের কোথাও আছে! অর্থ আত্মসাতের অভিযোগে উপকূলে তাকে পুলিশ খুঁজছে!
ওপারে একটা দড়ি ছুঁড়ে সাঁকো বানালে আমরা তিনদিনের যাত্রাপথ বাঁচাতে পারবো!
সেসময়ে নদীর উজানে
মেয়েটা কোনোরকমে বেঁচে গেলো! ও কিন্তু স্থানীয়দের জড়ো করে আনবে!
তাহলে তাড়াতাড়ি আমাদের কাজটা হাসিল করতে হবে এড!
তুমি আমায় কথা দিয়েছো আমার স্বামীকে হত্যা করবে! ওকে মারলে তাহলেই তোমার ভাগ পাবে! তাই যত তাড়াতাড়ি সম্ভব কাজটা হাসিল করলে আমাদের দুজনেরই সুবিধে! বুঝতে পারলে?
আমি তোমার বরকে খতম করবো! ওকে ওখানেই মেরে ফেলতাম যদি না ওই জংলী মেয়েটা আর ওর প্যান্থারটা! ওই প্যান্থারটাকে ধরতে হবে!

আমি কালো বাঘকে ফাঁদে ফেলেছি... আমি ওকে খাঁচায় পুড়েছি...
শাবাশ মবুয়ানা! এই প্যান্থারটাকে ওই জংলী মেয়েটাকে ধরবার টোপ হিসাবে ব্যবহার করবো!
এদিকে খরস্রোত অচেতন জুডিকে ভাসিয়ে নিয়ে গেলো! সূর্যস্নাত পাথরের ওপর থেকে সন্তর্পনে কয়েকটা আঁশযুক্ত শরীর শিকারের উদ্দেশ্যে জলে নেমে এলো!
ক...কোথায় আ...আমি? ...নদীর কুমির?
কিন্তু কুমির কাছে আসতেই
একবার যদি চেষ্টা করে ওকে ওই পাথরের দিকে নিয়ে যেতে পারি!
ঘূর্ণায়মান স্রোতের সাহায্যে, জুডি বড় টিকটিকিটিকে তীক্ষ্ণ পাথরের ফলার উপর ছুঁড়ে ফেলে!
এবারে আমার তীরে ওঠার সুযোগ!
হটাৎ একজোড়া সাহায্যের হাত এগিয়ে এলো
জুডি? তুমি নদীতে ...এই অবস্থায়?
ওহঃ পিস্তল!

এই হচ্ছে ব্যাপার পিস্তল! ওরা নদীর দেশে গরিলা শিকার করছে!
শুনে মনে হচ্ছে এড জ্যাকসনের কাজ! ওদের ঘাঁটি পর্যন্ত ট্রেক করা যাক!
দেরি করে ফেলেছি! ঘাঁটি ফাঁকা! ওইযে কালা!
কালা এবারে ওদের গন্ধ শুঁকে আমাদেরকে নিয়ে চল! অনেক হিসাব মেটানো বাকি!
একটু এগিয়ে
ওই গরিলার পাল আসছে! সাবধানে লক্ষ্যভেদ করো কেন্ট!
করবো জ্যাকসন! এদেরকে দেখে বেশ হিংস্র আর ক্ষুব্ধ মনে হচ্ছে!
ওকে একা রেখে যাই! গোরিলারাই ওর ব্যবস্থা করে দেবে!
দলপতিকে নিশানায় এনেছি মনে হয়!
একি! আমার বন্দুকের গুলিতে ওদের কিছু হচ্ছেনা! ফাঁকা কার্তুজ ভরা নাকি?

ক্ষিপ্ত গরিলাগুলি অসহায় জিমকে আক্রমণ করতে উদ্যত, এমন সময় বিদ্যুৎ গতিতে জুডির আবির্ভাব
থামো!....এনগগ এর সন্তানেরা!....
সাবধান! ...কেউ এই মানুষটিকে ছোঁবেনা!
এদিকে শিকার শিবিরে ফিরে মিসেস কেন্টকে জ্যাকসন জানালো যে তার স্বামীর ভবলীলা সাঙ্গ হয়েছে
আমার বরকে জ্যাকসন মেরেছে, এমন কোনো আইন আছে যে জ্যাকসন ও মরতে পারেনা?
কিলাবো গাছের শেকড় দিয়ে তৈরী বিষে চোবানো এই তীরের একটা আঁচড় ....আর জ্যাকসনের ভবলীলা সাঙ্গ হওয়ার পালা! ....তারপরে, জিমের পুরো সম্পত্তি আমার! ....একার!
আমি মাটিতে পড়ে যাওয়ার অভিনয় করবো! ...ও তুলবে আর তখনি আঁচড় ...বলবো আমার নখের আঁচড়!
আমরা কিছুক্ষন অপেক্ষা করি! তারপরে তোমার স্বামীর মৃতদেহ খুঁজতে যাবো!
ইইই! ....ওই জংলী মেয়েটা আর ....ওর প্যান্থার!
এবারে দুটোকে ই মারবো!

এবারে তোমার খেলা শেষ!!...
দুজনকেই খতম করতে হবে! প্রথমে জংলিটাকে, তারপরে ....
ইইইই!....
গরররর
কালার এক ঘায়ে লুটিয়ে পড়লো মিসেস কেন্ট! তারই তৈরী করা সেই বিষ মাখানো তীরের ফলা বিঁধে গেলো তার শরীরে
আমার স্ত্রী! ...কি হয়েছে?...
বিশ্বাস করতে পারছি না!...!
আপনার স্ত্রী ওই জ্যাকসনের সাথে সাঁট করে আপনাকে মারতে চেয়েছিলো! জ্যাকসনের জন্যে তৈরী করা বিষ তীরেই আত্মঘাতী হয়েছে!
জ্যাকসনকে লিওপোল্ডভিলে ফেরত দিয়ে আসি! আপনি কি করবেন মিস্টার কেন্ট?
আমি তোমার সাথেই যাবো রবার্টস! ....এই জঙ্গলের আকর্ষণ আমি হারিয়েছি!
সমাপ্ত

STAR COMICS
IBH
অমিতাভ বচ্চনের অ্যাডভেঞ্চার
Vol. 1 No. 16
Rs.4.00
অপহরণ
চিত্রনাট্য : গুলজার
সম্পাদনা : পাম্মি বকশি
অনুবাদ : কল্লোল দাশগুপ্ত
APPROVED BY THE COMICS CODE AUTHORITY

আশা করি দড়িটা কষে বাঁধিনি!
না, ঠিক আছে!
এক্সট্রা আর্টিস্টদেরকে ডাকো, আমরা শট এর জন্যে প্রস্তুত!

শট রেডি! এবার বেরিয়ে 'মাঠে' নামো!
আমরাও 'রেডি'!
আসছি
বাহ্! একদম আসল ডাকাতদের মতন মানিয়েছে!
অমিতকে ধাক্কা মেরে ভ্যানে তুলে তোমাদের ড্রাইভ করে পালাতে হবে!
হুমমম

ক্যামেরা রেডি?
আমি রেডি!
ক্যামেরা..
রোলিং...
অ্যাকশন!!
ধপাক
আহ!

কাট! কাট! এহ! বড্ডো তাড়াহুড়ো করে ফেললে! সবাই নিজের জায়গায় ফিরে এসো, আমরা আবার শটটা নেব!
ওফ! তোমরা তো চরিত্রের মধ্যে ঢুকে গেছো! এখানে আর অভিনয় করতে হবেনা, ক্যামেরা চলছেনা! আমার মাথার হুডটা খুলে দাও!
ওনার হাতটা শক্ত করে বেঁধে দাও! বাবুকে স্পিড তুলতে বলি!
আরে বন্ধুরা, মস্করা থামাও! এটা তো নিছক একটা শুটিং!
চুপ করুন! এটা শুটিং নয়!...
...এটা সত্যিকারের কিডন্যাপিং মিস্টার বচ্চন!...মুখের ঢাকাটা খুলে দাও!
বাবু, জলদি চালাও! ওরা টের পাওয়ার আগেই চম্পট দিতে হবে!
কে তোমরা? যেই তিনজন আর্টিস্ট এই শটের জন্যে আসার কথা ছিল, তোমরা তো তারা নয়!

হাহ হাহ! কি একেবারে হতবাক হয়ে গেছেন তো?
আমাদের প্ল্যান কাজ করেছে! ভাবুন তো আপনার জন্যে কত টাকা মুক্তিপণ পেতে পারি?
আচ্ছা গেঁড়ো! কি জানি আসল আর্টিস্টরা এখন কি অবস্থায় আছে!
কি ব্যাপার? ওরা এখনো ফিরলো না কেন?
বোধয় সামনে কোথাও বাঁক নিয়ে ফিরে আসতে সময় লাগছে!
উরি বাবা! ক...কে কারা?

স্যার স্যার!..এখানে এনাদেরকে বেঁধে রেখে গেছে কেউ!
কি ভুলভাল বকছো? কাদের বেঁধেছে?
চলুন দেখি!..
তোমরা এখানে?...এই অবস্থায় কিভাবে?
ওই তিনজন তাহলে কারা যারা ভ্যান চালিয়ে নিয়ে গেলো?
ওরা বলেছিলো আমাদের অটোগ্রাফ নিতে এসেছে...
আমরা সবে পোশাক পড়তে যাচ্ছিলাম...
...তখনি আমাদের ওপরে হামলা করে এই হাল করেছে!
হে ভগবান! ওরা অমিতকে তুলে নিয়ে গেছে!

পুলিশকে জানাতে হবে! কেউ এই গাড়িটা নিয়ে ওদের পিছনে যাও!
প্যাক আপ! প্যাক আপ! ভগবান কাছাকাছির ফোন অবধি পৌঁছতেও এখান থেকে অনেক সময় লাগবে!
জলদি চলো! এতক্ষনে নিশ্চই ওরা অনেক দূর চলে গেছে!
অপহরণকারীরা এতক্ষনে অনেক দূরে পৌঁছে গেছে
এই ভ্যানটাকে এখানেই ছেড়ে যাওয়া ভালো
একটু পা চালিয়ে মোটরবোট পর্যন্ত চলুন!

তাড়াতাড়ি আমাদের আস্তানার দিকে নিয়ে চলো!
আচ্ছা বস!
এবারে এর মুখের বাঁধনটা খুলি? চেঁচালেও এখানে কেউ শুনতে পাবেনা!
ঠিক আছে!
আপনাদের উদারতার জন্যে ধন্যবাদ!
যতদিন আপনার মুক্তিপণ পাওয়ার সম্ভাবনা থাকবে, আপনার প্রতি সদয় থাকবো!
তা না পেলে, অবশ্যই অন্য ব্যবস্থা!

সিনেমায় আপনিই 'অ্যাংরি ম্যানের' অভিনয় করেন?
(চুক চুক) এখানে আপনার ডাবল নেই যে আপনার হয়ে লড়াই করবে!
ফ্যানেরা যদি ওকে এই অবস্থায় দেখতো!
এক ঘুষিতে তোদের দাঁত ভেঙে দিতে পারি!! কিন্তু....
বাবু, একবার তল্লাশি করে নাও, সঙ্গে কোনো অস্ত্র আছে কিনা!

না অস্ত্র নেই!
পকেটে এটা কি?
ভাগ্য-কবজ! যেই সিনেমার শুটিং করছি তার শুটিং চলাকালীন সঙ্গে রাখার কথা!
সিনেমা যাতে পাবলিক খায় তার জন্যে এসব টোটকা দেয়!...কখনো কয়েন, কখনো ব্যাজ!... সিনেমার ভাগ্য ফেরালেও, বাস্তব জীবনে কোনো কাজে লাগবে না!
যাক গে! বাবু আর সময় নষ্ট কোরোনা! যাও গিয়ে ৫০ লক্ষ টাকার মুক্তিপনের চিঠিটা দিয়ে বলে এসো, আজকে সন্ধে ৭ তার মধ্যে পুরোনো বাতিঘরের কাছে টাকা নিয়ে আসতে!
ঠিক আছে
আমি বাইরে গিয়ে পাহারা দি!

কোনো চালাকি করার চেষ্টা করলে আমি কিন্তু গুলি চালাবো! এটা কিন্তু সিনেমা নয়!
নিশ্চিন্ত থাকুন! আমি ওরম কোনো বোকামি করার চেষ্টাই করবোনা!
যদি ওরা মুক্তিপণ পেয়েও যায়, আমায় অত সহজে ছাড়বে বলে মনে হয়না! আচ্ছা মুশকিলে পড়লাম! জনমানসে অযথা আতঙ্ক ও উদ্বেগ ছড়াবে!
শুনেছেন? অমিতাভ বচ্চন কিডন্যাপ হয়েছে?
সকলের চোখের সামনে দিয়ে! আইনশৃঙ্খলা বলে আর কিছু নেই কো?
হে ভগবান! ওনার যেন কোনো ক্ষতি না হয়!
অ্যান্টনি, খবরটা শুনলে?
হ্যাঁ! কিন্তু আমার বিশ্বাস হচ্ছেনা!
পুলিশের কাছ থেকে নিশ্চিত করা যাক!

মাফ করবেন স্যার!
এই খবরটা কি সত্যি যে অমিতাভ বচ্চন কে কিডন্যাপ করা হয়েছে?
দুর্ভাগ্যবশত সত্যি!
কিন্তু চিন্তা কোরোনা, আমরা ওনাকে অক্ষত অবস্থায় ফেরত আনবো! এখন তোমরা আসতে পারো, একটু ব্যস্ত আছি!
তাহলে ব্যাপারটা সত্যি! এবারে কি করণীয়?
আমাদের আদৌ কিছু করার প্রয়োজন আছে? ওনাকে যতটুকুন জানি, উনি অনায়াসে এই ঝঞ্ঝাট থেকে বেরিয়ে আসতে পারবেন!
কিন্তু তাও!... আমাদের দ্বীপে ফিরে অপেক্ষা করতে হবে। ...হয়তো উনি আমাদের কোন বার্তা পাঠাতে পারেন!
সেই ভালো! চলো!
যদি কোন উপায়ে দ্বীপে খবর পাঠাতে পারতাম!...

এদিকে বাবু নামক দুর্বৃত্ত মুক্তিপণ এর চিঠি দিতে চললো
আমাদের সুপারস্টার 'শোলে' ছবিতে এভাবে কয়েনটাকে টস করেছিল!
এই নচ্ছার পাখি! ওই ভাগ্য কবচ ফেরত দে!
উড়ো চোর! দাঁড়া তোর মজা দেখাচ্ছি!
গুড়ুম
যাচ্ছলে! ফস্কে গেলো! তোকে ছাড়বোনা!
বুরবকের মতন গুলি চালালে কেন? কেউ আওয়াজ শুনতে পেলে কেলেঙ্কারি হয়ে যাবে যে!

ও...ওই পাখিটা ভাগ্য কবচটা ছিনিয়ে নিয়ে গেলো!
নিকুচি করেছে কবচের! যাও গিয়ে তাড়াতাড়ি চিঠিটা দিয়ে এসো!
যা... যাচ্ছি!
সাবধানে যেও! তাড়াতাড়ি ফিরবে! আমরা অপেক্ষা করে থাকবো!
গুলির আওয়াজ পেলাম মনে হলো?
ওই মাথামোটা বাবু! এমন একেকটা কান্ড করে! কোন এক ফালতু পাখির পিছনে গুলি খরচা করছে!
বটে? একটু পরেই বুঝবি কে ফালতু!
অমিতকে দেখে এলে?
হ্যাঁ এক কোনায় বসে আছে! হাত বাঁধাই রয়েছে!

হুহ! আমার ভাগ্য কবচ! ওই চিমনির ভেতরে কে ছুড়ে দিলো?
আহ! শাহীন!
শিস শিস
শিস
তুমি এখানে?
এখানে কি করছো?
শ শ! আমায় অপহরণ করেছে!
তুমি অপহরণ হতে দিলে কেন?

ছদ্মবেশ ছাড়া আমি ওদের সাথে লড়তে পারবোনা! সুপ্রিমোর পরিচয় আত্মপ্রকাশ করতে পারবোনা!
এই কবচটা নিয়ে উড়ে যা!
শিস
ছেলেদের বল যে আমার ছদ্মবেশটা যত তাড়াতাড়ি সম্ভব নিয়ে আসে যেন!
শিস
এইই! সিটি মারছো কেন? এতো ফুর্তি কিসের?
এটা আমার অভ্যাস! আমি যখন নার্ভাস হয়ে থাকি তখন এভাবে সিটি মারি!
তোমার সিটির আওয়াজে আমি নার্ভাস হয়ে যাচ্ছি, বন্ধ করো!
দুঃখিত! এমন আর করবো না!

বাবু যেকোনো মুহূর্তে ফিরে আসতে পারে!
এবং আমার ছদ্মবেশও!
আমার চিন্তা হচ্ছে! সুপ্রিমোর এতক্ষনে এখানে ফিরে আসার কথা!
চিন্তা কোরো না, ঠিক ফিরে আসবেন!
ওনাকে কোথায় নিয়ে গেছে, যদি একবার জানতে পারতাম!
এটা কি?
আহ শাহীন!
এটা কোথায় পেলি? সুপ্রিমো ....মানে অমিতের ...মানে এই কবচটা ওনার সাথে থাকে! তাই না বিজয়?
তার মানে তুই জানিস সুপ্রিমো কোথায়?
উনি তোর সাথে আসেননি কেন? কিছু গোলমাল হয়েছে?

কি করতে চলেছে?
সুপ্রিমোর কুটিরের দিকে গেলো!
কি!!
সুপ্রিমোর মাস্ক!
বিজয় ছদ্মবেশ! উনি ছদ্মবেশ ছাড়া রয়েছেন!
তাই তো? আগে মাথায় আসেনি কেন?
আমাদের এই ছদ্মবেশ নিয়ে ওনার কাছে পোঁছতে হবে! কিন্তু ওই গুন্ডাগুলোকে ফাঁকি দেব কিভাবে?
এক্সকিউজ মি প্লিজ! সিনেমাতে এমন পরিস্থিতি মোকাবেলা কিভাবে করে?
ওহ ওখানে গান-নাচের সিকোয়েন্স থাকে যাতে দুর্বৃত্তদের বিভ্রান্ত করা যায় এবং নায়ক বা তার সঙ্গীরা লুকিয়ে প্রবেশ করে ওদের ডেরায়।
আমরাও তো এমন করতে পারি?!
ক্ষেপছো? তুমি আর আমি মিলে নাচ গান করবো? আর গুন্ডারা সেই দেখে বিভ্রান্ত হবে?

ঠিক বলেছো! কারুর সাহায্য নিলে হয়না?
হ্যাঁ তারপরে সুপ্রিমোর পরিচয় ফাঁস করে ফেলবো? সুপ্রিমো আমাদের মেরেই ফেলবে!
চুন্নি বিরক্ত করছিস কেন? দেখছিস না আমরা চিন্তিত আছি?
এই! একটা ফন্দি এসেছে!
সবাই তাড়াতাড়ি সাবমেরিনে ওঠো! অ্যান্টনি সুপ্রিমোর ছদ্মবেশটা নিয়ে এসো! শাহীন আমাদের পথ দেখা!
শাহীন সুপ্রিমোর কাছে নিয়ে চল!
আমি তোমাদের অনুসরণ করবো!
অমিতাভ বচ্চন যেখানে বন্দি সেই দ্বীপের উদ্দেশ্যে শাহীন সবাইকে নিয়ে চললো

শাহীন ওই দ্বীপের একটা গাছের মগডালে বসে! আমাদের ওদিকেই যাওয়া উচিত!
বিচে কেউ নেই
সোনালী নির্দেশ দিচ্ছে রাস্তা পুরো সাফ!
বন্ধুরা! কম আওয়াজ করে এগিয়ে চলো!
সাবধানে! গুন্ডাগুলোর কাছে কিন্তু বন্দুক আছে!
শাহীনকে অনুসরণ করো!
আমরা তোমার পেছনেই চলেছি!

মুক্তিপনের চিঠিটা পৌঁছে দিয়েছো?
হ্যাঁ! আশা করি কয়েক ঘন্টার মধ্যেই প্রাপ্য টাকা পেয়ে যাবো!
তোমাদের প্রাপ্য শীঘ্রই পেয়ে যাবে!
খ্যাক খ্যাক!
আরে! কি সুন্দর কাঠবিড়ালি!
এরকম কাঠবিড়ালির নাচ আগে দেখিনি!
গররর
গরররর

ওই জানোয়ারটা কে গুলি করো!
গুড়ুম
গুড়ুম
গু ড়ু ম
ওটাকে খতম করো! নইলে ওটা সুযোগ পেলে আমাদের পরে ছিঁড়ে খাবে!
দাঁড়া হতভাগা!
এ....একি! এরা তো দেখি ....খেলা করছে!

জন্তুদের এরকম অদ্ভুত কান্ডকারখানা আগে দেখিনি!
আমাদের খেলতে ডাকছে!
চলো একটু মজা করে খেলা যাক! সময় কাটবে!
ওরা ব্যস্ত! এবারেই সুযোগ!
শাহীন! আমাদের পথ দেখাও!
পুরোনো বাড়িটার পিছনদিকে শাহীন নিয়ে চললো

বেশ ভালোই খেলা করতে জানে!
এইই!.... চিতাবাঘটা কোথায় পালালো?
এই কাঠবিড়ালিটাকে বাড়ি নিয়ে যাবো! আমার বাচ্চারা দেখে আনন্দ পাবে!
অ্যান্টনি! ওই চিমনির ভেতর দিয়ে এই কাপড়ের পুটুলিটা ফেলতে হবে!
এই চিমনি বেয়ে উঠে যাই!
সামলে!!
আশা করি সঠিক জায়গায় পৌঁছাবে!
হুম একটা পুটলি!
ওরা ঠিক পেরেছে! এবারে 'অ্যাকশন' এর সময়!

মেরে অঙ্গনে মে তুমহারা কেয়া কাম হ্যায়?
আয় ধর এটা!
গওড!!! ...আমি পিছলে যাচ্ছি!
এই তোরা কে? এখানে কি করছিস?
এতো প্রশ্ন কিসের? খতম করে দি!
আঃহহ!
এবারে তোদের আমি শেষ করবো!

ধড়াম!
ক...কি হলো?
সুপ্রিমো! আ... আপনি কিভাবে?... এখানে?
গন্ডগোল যেখানে, সুপ্রিমো সেখানে!
অমিতাভ বচ্চন কে অপহরণ করেছো?
আহ!
উফফ!

আপনি বচ্চন সাবকে নিয়ে যান! ...ওই ভেতরে আছেন!
কোথায় দেখাও? কোথায় রেখেছো ওনাকে?
ঘর তো ফাঁকা! কোথায় সে?
পা...পালিয়েছে মনে হয়!
আ...আপনি যখন আমাদের ক্যালাচ্ছিলেন!
সত্যি কথা বলো, নইলে!....
মা...মাইরি বলছি! আমাদের ছেড়ে দিন!
ছেড়ে তো দেবই! তবে পুলিশের কাছে!

তাজ্জব! এমন দৃশ্য বাপের জন্মে দেখিনি!
পিছনে তাকালে আরও তাজ্জব হওয়ার মতন কিছু দেখবে!
সুপ্রিমো!
শাবাশ!
সাথীদের ফেলে যেতে নেই!
ধড়াক
দয়া করুন! আমাদের ছেড়ে দিন!
না না! মুক্তিপনের টাকা না নিয়ে তো তোমাদের যাওয়া চলবেনা!

এদিকে নির্ধারিত সময়ে ও স্থানে ডিরেক্টর ও পুলিশ অফিসার মুক্তিপণ নিয়ে হাজির
সাতটা তো বেজে গেছে! এখনো কেউ এলো না যে!
আমি নিশ্চিত ওরা আসবেই!
সবাই প্রস্তুত হও! ওই ওরা আসছে! অমিতজিকে না পাওয়া পর্যন্ত কেউ গুলি চালাবেনা!
হে ভগবান! অমিতের কোনো ক্ষতি যেন না হয়!
আরে এতো সুপ্রিমো!
কিন্তু অপহরণকারীরা কোথায়?
এই যে অপহরণকারী রা!
কিন্তু অমিত কোথায়?
এদেরকেই জিজ্ঞাসা করুন! এদের দাবি সে পালিয়েছে!
মায়ের দিব্বি! ...সত্যি কথা বলছি!
এদের কাছ থেকে সত্যিটা বার করার উপায় আমাদের জানা আছে! এই এদের থানায় নিয়ে চলো!

ও..ওরা কি অমিতকে খুন....!! হায় ভগবান! এই ভয়ানক পরিণতি কল্পনাও করতে পারছি না!
এত বিচলিত হওয়ার কিছু হয়নি! এমন কিছু ঘটেছে বলে মনে হয়না! ইন্সপেক্টর ওই গুন্ডাদের কাছ থেকে ঠিক সত্যিটা উগরে নেবে!
সত্যি কথা বল!
মায়ের দিব্বি! ওই ঘরেই রেখেছিলাম!
হাতও বেঁধে রেখেছিলাম!
যদি ওই ঘরেই রেখেছিলি তাহলে উবে গেলো কি করে? সত্যি করে বল কোথায় রেখেছিস?
ইন্সপেক্টর! ওকে পাওয়া গেছে, বাইরে আছে!
সুপ্রিমো আপনি অমিতজি কে খুঁজে পেয়েছেন?
যেই ভ্যানে অপহৃত হয়েছিলেন, সেখানেই আছেন!
জয় গণেশ! উনি ঠিক আছেন তো?
উনি অক্ষত আছেন! একটু ঘোরের মধ্যে আছেন হয়তো!
...ওনাকে গিয়ে দেখা যাক!
...ইয়ে বলছি কি, আপনার একবার ওনার বাড়িতে খবর দেওয়া উচিত নয় কি? তারা হয়তো উদ্বিগ্ন হয়ে রয়েছেন!

ঠিক বলেছেন!
হ্যাঁ হ্যাঁ! সুপ্রিমো ওনাকে উদ্ধার করেছেন! উনি সুস্থ আছেন! আমি ওনাকে যত শীঘ্র সম্ভব বাড়ি নিয়ে আসবো! আপনারা চিন্তা করবেন না!
আশা করি উনি সুস্থ আছেন!
মিস্টার বচ্চন? আপনি সুস্থ আছেন?
আমি সুস্থ বোধ করছি! কিন্তু আমি এখানে এলাম কিভাবে? যতটা মনে পড়ছে ওই অপহরণকারীরা আমার মাথায় মেরে অজ্ঞান করে দেয়! তারপরে কিছু মনে নেই...
সুপ্রিমো আপনাকে বাঁচিয়েছেন, মি: বচ্চন!
উনি কোথায়? আমি ওনার কাছে চিরকৃতজ্ঞ! একবার ধন্যবাদ জানতাম!

উনি এই আশেপাশেই কোথাও থাকবেন হয়তো!
এক্সকিউজ মি প্লিজ!
হ্যাঁ?
সুপ্রিমো আপনার জন্যে এই চিঠিটা রেখে গেছেন!
দুঃখিত, মিঃ বচ্চনকে বাড়িতে পৌঁছে দিয়ে আসতে পারলাম না। অন্য কোথাও আমার জরুরি প্রয়োজন পড়ে গেছে।
শুভকামনা
Supremo
উনি চলে গেছেন!
তুমি সুপ্রিমোকে দেখেছো?
আঁ...হ্যাঁ খানিকটা! উনি 'সুপারস্টার'!
একদিন ওনার সাথে সাক্ষাৎ করার অভিপ্রায় রইলো! তোমায়...মানে তাকে অনেক ধন্যবাদ!
সমাপ্ত

পয়লা বৈশাখ উপললক্ষে ঢাকার রাস্তায় বর্ণাঢ্য শোভাযাত্রা (ছবি : অন্তর্জাল থেকে)